

# আপনার অধিকারগুলো জানুন: প্রবীণ, অক্ষম (বিকলাঙ্গ) বা কোনো ক্ষেত্রে অভিজ্ঞ প্রবীণ বাড়িওয়ালারা

কর অব্যাহতির জন্য আবেদন করতে (পুনরায় আবেদন করতে) এখনই কাজ শুরু করুন যা আপনার সম্পত্তির কর কমিয়ে আনতে পারে। নিচের তালিকাটি দেখুন।

আপনি আপনার সম্পত্তির কর কমিয়ে আনার জন্য নিচের যেকোনো একটি কর অব্যাহতি লাভের জন্য যোগ্য হিসেবে বিবেচিত হতে পারেন:

- সিনিয়র সিটিজেন হোমওয়ার'স এক্সেম্পশন (SCHE)
- ডিজেবলড হোমওয়ার'স এক্সেম্পশন (DHE)
- ভেটেরান'স এক্সেম্পশন
- ডিজেবলড ক্রাইম ভিক্টিম অ্যান্ড গুড সামারিটান এক্সেম্পশন
- ক্লারজি এক্সেম্পশন
- এনহ্যান্সড স্টার

ইতোমধ্যে আপনার কাছে যদি কোনো কর অব্যাহতি থাকে, তাহলে আপনাকে সেটি রিনিউ করা লাগতে পারে।

- আপনি যদি বার্ষিক সময়সীমার আগে রিনিউ না করেন তাহলে আপনার করের পরিমাণ বৃদ্ধি পাবে।

নতুন আবেদনকারীদের অবশ্যই বার্ষিক সময়সীমার আগে আবেদন করতে হবে।

- আপনি যদি পূর্বে কর অব্যাহতির জন্য আবেদন না করে থাকেন, তাহলে কর সঞ্চয়ের জন্য আপনাকে বার্ষিক সময়সীমার আগে আবেদন করতে হবে। অব্যাহতি এবং সময়সীমার বিষয়ে আরও তথ্য এখান থেকে জানুন: <https://www1.nyc.gov/site/finance/benefits/landlords.page>

আপনি যে কর অব্যাহতি সুবিধাটি লাভের জন্য যোগ্য সেটির জন্য আবেদন করতে (পুনরায় আবেদন করতে) এখনই কাজ শুরু করুন!

- কর অব্যাহতির জন্য আবেদন করার অথবা রিনিউ করার সময়সীমা সাধারণত প্রতি বছরের মার্চের ১৫ তারিখ হয়ে থাকে। আপনার কর অব্যাহতি রিনিউ করার জন্য নির্দেশনা প্রদান করে আপনি ইতোমধ্যে হয়তো একটি চিঠি পেয়েছেন।
- লিগ্যাল সার্ভিসেস NYC বাড়িওয়ালাদের তাদের জবাব প্রস্তুতে, আইনি প্রতিনিধিত্ব, এবং বাড়ি হারানো ঠেকাতে অন্যান্য সকল পরিষেবা প্রদানে সহায়তা করে। আমাদের পরিষেবাগুলো বিনামূল্যে গ্রহণ করা যাবে। নিচের নম্বরে আমাদের কল করুন।



৯১৭-৬৬১-৪৫০০

লিগ্যাল সার্ভিসেস NYC | ৪০ ওয়ার্থ স্ট্রিট, স্যুট ৬০৬, নিউ ইয়র্ক | [legalservicesnyc.org](http://legalservicesnyc.org)

\* এই ফ্যাক্টশিটের তথ্যগুলোর মধ্যে কোনো আইনি পরামর্শ নেই।